

॥ অনুবাদ-প্রকরণ ॥

॥ ইংরাজী বা বাংলা হইতে সংস্কৃতে অনুবাদ ॥ ১ ॥

(Translation from English or Bengali into Sanskrit)

দৃষ্টান্ত সহ কয়েকটি নিয়ম

১। ক্রিয়া-প্রয়োগবিধি

১। সংস্কৃতে অনুবাদ করিতে হইলে বাক্যটিকে বিশুদ্ধ বাংলায় পরিণত করিবে, কর্তা ও ক্রিয়াপদের নীচে দাগ দিবে—যাহাতে কর্তার পুরুষ ও বচন অনুসারে ক্রিয়াপদ বসাইতে ভুল না হয়।

(ক) কতৃপদে এক, দুই, বা দুইয়ের অধিক সংখ্যা বুঝাইলে ক্রিয়াপদে ষথাক্রমে একবচন, দ্বিবচন বা বহুবচন হয়। যেমন, (এক) বালক যায়—বালক গচ্ছতি। (দুই) বালক যায়—বালকৌ গচ্ছতঃ। বালকেরা যায়—বালকাঃ গচ্ছন্তি। তবে কতৃপদের দ্বিবচন বা বহুবচনের অর্থ ঠিক রাধিয়া মিলিত সমষ্টি হিসাবে একবচনেও পরিণত করা যায়। সে স্থলে বিশেষ্য শব্দটির সঙ্গে সমাসের নিয়মে দ্বয়ম্, ত্রয়ম্, চতুষ্ঠয়ম্ প্রভৃতি পদযোগে একবচন করা যায়। যেমন—Two boys are running (দুই বালক দৌড়ায়)—বালকদ্বয়ম্ ধাবতি। Three daughters are singing (তিন কন্যা গান করে)—কন্যাত্রয়ম্ গায়তি। Four students go to school—ছাত্রচতুষ্ঠয়ং বিদ্যালয়ং গচ্ছতি। এই সব স্থলে ক্লীবলিঙ্গে একবচন, মিলিত সমষ্টি বোঝায়, ইহাদের বিশেষণও ক্লীবলিঙ্গ একবচন। আর ও দৃষ্টান্ত—পুষ্পপঞ্চকম্, স্তবাপ্তকম্, গীতশতকম্ ইত্যাদি। বহু বুঝাইলে সমাসের নিয়মে গণঃ (পুলিঙ্গ) বা বৃন্দম্ (ক্লীবলিঙ্গ) যোগ করিয়া একবচন করা যায়। Many disciples accompany the sage (অনেক শিষ্য ঋষির অনুগমন করিতেছে)—শিষ্যগণঃ যুনিম্ অনুগচ্ছতি। Boys play in the field (বালকেরা মাঠে খেলা করে)—ক্ষেত্রে ক্রীড়তি বালকবৃন্দম্।

(খ) কৃ-ধাতুর দ্বারা যে কোন ধাতুর অর্থ প্রকাশ করা যায়। যেমন
যায় অর্থাৎ গমন করে, খায়—ভোজন করে, মারে—হত্যা করে, নাচে—নৃত্য
করে এইরূপ। কিন্তু 'করে' এই ক্রিয়াপদের বিশেষ যে ক্রিয়াবাচক পদ, যেমন
গমন, ভোজন, উহাতে কর্মে ২য় হইবে—ভোজনং করোতি। কৃ-ধাতু যোগে
যে কোন ধাতুর অল্পবাদে মূল ধাতুটি হইতে একটি ক্রিয়াবাচক বিশেষ্যপদ ঠিক
কর, যেমন—ভোজন, শয়ন, আরোহণ, বাস, ক্রোধ পাঠ, পূজা ইত্যাদি। সেই
ক্রিয়াবাচক যে-বিশেষ্যপদ—উহাই হইবে কৃ-ধাতুর কর্ম। যেমন—He lives in
the forest—স বনে বাসং করোতি। শিশু বিছানায় শোয়—শিশুঃ শয্যায়াং
শয়নং করোতি। মূল ধাতুটিকে ক্রিয়াবাচক বিশেষ্য করিবার পর, পূর্বে যেটি
ছিল উহার কর্ম, তাহাতে ষষ্ঠী হইবে (দ্বিতীয়া হইবে না)। যেমন
রাজা তস্য প্রজানাং শাসনং করোতি। এইরূপ—স গৃহস্থ গমনম্ করোতি।
বালকঃ অন্তঃ ভোজনম্ করোতি। ছাত্রঃ পুস্তকস্য পাঠং করোতি—এই প্রকার
হইবে। অন্তঃ ভোজনং করোতি বা পুস্তকং পাঠং করোতি—এই রকম হইবে
না। তবে অন্তঃভোজনং করোতি, পুস্তকপাঠং করোতি—এইরূপ বলা যায়।

২। (ক) বর্তমান কালে লট্ (যথা—স গচ্ছতি); অতীত অর্থে স্ব-যোগে
লট্ (যথা—স গচ্ছতি স্ব, অহং গচ্ছামি স্ব) বা লঙ্, লিট্, বা ক্ত্, ক্ত্বত্; এবং
ভবিষ্যৎ কালে লৃট্, হইবে—স গমিষ্যতি। আদেশ বা অনুরোধ অর্থে
লোট্ (স গচ্ছতু, ধর্ম চর), 'উচিত' অর্থে কর্তৃবাচে বিধিলিঙ্ (স ক্রায়াং), এবং
কর্ম বা ভাববাচ্যে কৃত্যপ্রত্যয় হয়। তব্য, অনীয় ইত্যাদি যোগে (ময়া গন্তব্যম্)
এইরূপ হইবে। কর্মবাচ্যে যথা—পিতা পুত্রস্য পূজাঃ, মাতা পুত্রস্য পূজা।

(খ) অতীতকাল অর্থে—কর্তৃবাচ্যে ক্ত্বত্ প্রত্যয়ান্ত শব্দ কতার বিশেষণ,
যথা—রামঃ রাবণং হতবান্ (বান্-বন্তো-বন্তঃ এই প্রকারে রূপ)। স্ত্রীলিঙ্গে ঙ্
যোগে নদী শব্দের মত—কৃতবতী। অকর্মক ধাতুতে ও গমনার্থক ধাতুতে
কর্তৃবাচ্যেও ক্ত্ হয়—সঃ তত্র স্থিতঃ, বালকঃ বিদ্যালয়ং গতঃ। কিন্তু কর্মবাচ্যে
ক্ত্ প্রত্যয়ান্ত শব্দ কর্মের বিশেষণ (কর্মে ১মা, কর্তায় ৩য়া)—রামেণ
রাবণঃ হতঃ। ব্যাধেন বিহগাঃ নিহত্যাঃ। ভাববাচ্যে ক্ত্ প্রত্যয়ান্ত শব্দ
নিত্য ক্রীবলিঙ্গ একবচন—তৈঃ হসিতম্।

(গ) কৃত্য প্রত্যয়ের শব্দ কর্মবাচ্যে কর্মের বিশেষণ, কর্তায় তৃতীয়া বা
ষষ্ঠী। তব্য, অনীয় ইত্যাদি যোগে কৃত্য প্রত্যয়ের পদ হয়। মাতা পুত্রস্য
(পুত্রেষ বা) পূজা। ভাববাচ্যে ক্রীবলিঙ্গ একবচন—অপ্যান্তিঃ, গন্তব্যম্

তবিশ্বং কালেও কৃত্য প্রত্যয় হইতে পারে—যঃ যয়া বক্তব্যম্ । উচিত অর্থে
কৃত্য প্রত্যয়ের সাহায্যে অনুবাদ করা সহজ । অস্মাভিঃ সদা সত্যং বক্তব্যম্ ।

২। পদ, লিঙ্গ ও বচন

০। ক্রিয়াপদটিকে নিয়ের প্রস্থের দ্বারা প্রথমা, দ্বিতীয়া প্রভৃতি
বিশক্তি নির্ণয় করিবে । কে—প্রথমা । কাহাকে বা কোন বস্তুটিকে—দ্বিতীয়া ।
কিসের দ্বারা—তৃতীয়া । কাহাকে দান বা কিসের জন্ত—চতুর্থী । কোথা হইতে
—পঞ্চমী । কাহার সহিত সম্বন্ধ—ষষ্ঠী । কাহাতে, কোথায়, কখন—সপ্তমী ।

১। (ক) এই শব্দগুলি পুংলিঙ্গ । নিয়ের শ্লোকগুলি মুখস্থ কর :

দেব দৈত্য স্বর্গ যাগ পর্বত সাগর ।

মেঘ বৃক্ষ অরি কাল অসি পক্ষ শর ॥

কর গণ্ড ওষ্ঠ কেশ দন্ত নখ স্তন ।

ইহাদের অর্থ পুংলিঙ্গেতে গণন ॥

(খ) শব্দের শেষে র, তু, ধি, ক প্রভৃতি থাকিলে শব্দগুলি পুংলিঙ্গ :—

শব্দশেষে র তু ধি ক, ট খ ন ণ ।

প ভ ম র, ষ শ স-য়ে পুং গণন ।

যথা—(র)—মরুঃ, তরুঃ, ; (তু)—হেতুঃ, কেতুঃ, সেতুঃ, (ধি)—বিধিঃ,
বিধিঃ ; (ট)—বটঃ, পটঃ, (খ)—রথঃ, অর্থঃ । (ন, ণ)—জনঃ, গুণঃ, বাণঃ ।
দীপঃ ; গর্দভঃ । (ম)—গ্রামঃ, আশ্রমঃ, বিশ্রামঃ । (ষ)—বিনয়ঃ, আলয়ঃ
প্রণয়ঃ ইত্যাদি ।

(গ) ঘঞ, অপ, অচ্, প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য প্রায় পুংলিঙ্গ—
কোষঃ, পাকঃ, অহুরাগঃ, জয়ঃ, লাভঃ, পাঠঃ । কিন্তু ভয়ম্ ক্লীবলিঙ্গ ।

৫। সংখ্যা বুঝাইলে দ্বয়, ত্রয়, চতুষ্টয় প্রভৃতি শব্দ যোগে অনুবাদ করা
সহজ (এগুলি ক্লীবলিঙ্গ ও প্রায় একবচন) : আমি দুই বালিকাকে দেখিয়াছি
—অহম্, বালিকাঘনম্ অপশ্রম্ । বহুবচন বুঝাইতে গণঃ (পুং), বর্গঃ, বৃন্দম্
(ক্লীং) ইত্যাদি যোগ করা চলে । ইহারা প্রায় একবচন—গচ্ছতি মুনিগণঃ ।
ছাত্রবৃন্দম্ ক্রীড়তি । পাণ্ডিগুলি শব্দ করে—বিহগবর্গঃ কৃজতি । হরিগণণ গুইয়া
আছে—যুগকুলং গেতে ।

৬। অনুবাদে প্রতিশব্দটি অ-কারান্ত হইলে নর শব্দের দৃষ্টান্তে অনুবাদ
করা সহজ :—God—ঈশ্বরঃ । Father—জনকঃ । Elder brother
—অগ্রজঃ । Younger brother—অনুজঃ । Brother—সহোদরঃ ।

Sage—ভাষসঃ। King—রূপঃ। Minister—সচিবঃ। Day—দিবসঃ।
 Path—মার্গঃ। Friend—বন্ধুজনঃ। Enemy—অমিত্রঃ (পুং)। Bird
 —বিহগঃ। Clothing—পরিচ্ছেদঃ। Arrow—বাণঃ, শরঃ। Hermitage
 —আশ্রমঃ। Disciple—শিষ্যঃ। Rainy season—বর্ষাকালঃ। Autumn
 —শরৎকালঃ। Night—নিশাকালঃ। Fire—অনলঃ। Wind—সমীরঃ।
 Sky—আকাশঃ। A good man—সজ্জনঃ। A bad man—দুর্জনঃ।
 Fowler—ব্যাধঃ। World—ভুলোকঃ। Avarice or greed—লোভঃ।
 Anger or wrath—ক্রোধঃ। Perseverance—অধ্যবসায়ঃ। Effort—
 যত্নঃ। Virtue—ধর্মঃ। Seer—মুনিজনঃ। Giver—দাতৃজনঃ। Woman
 —স্ত্রীলোকঃ।

৭। ক্রীবলিঙ্গের সাধারণ নিয়ম কিছু মনে রাখিবে। নিম্নের পর্যায়বাচক শব্দগুলি প্রায়ই ক্রীবলিঙ্গ।

গগন কানন পত্র স্বর্ণ ধন বল।

রুধির আনন নেত্র পুষ্প ফল জল।

শুভাশুভ শীত উষ্ণ আহার্য ব্যঞ্জন।

বিবর-বাচক ক্রীবলিঙ্গেতে গগন ॥

স্বপ্ন, দুঃখ, পাপ, পুণ্য—এইগুলি শুভ ও অশুভের পর্যায়বাচক, অতএব ক্রীবলিঙ্গ। যেমন, অনিত্যম্ স্বপ্নম্। দুঃসহং দুঃখম্। আহার্য-ব্যঞ্জন ক্রীবলিঙ্গ। অন্নম্, দুগ্ধম্, দধি।

৮। মিত্র শব্দ বন্ধু অর্থে ক্রীবলিঙ্গ। সূর্য অর্থে পুংলিঙ্গ।

৯। লুট্, (অনট্) প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য ক্রীবলিঙ্গ—গমনম্, ভোজনম্, শয়নম্, ভ্রমণম্।

১০। অণ্ (ফ), য়াণ্ (ফ্য) ও ত্ব—এই তদ্ধিত প্রত্যয় যোগে ভাব-বোধক শব্দগুলি প্রায়ই ক্রীবলিঙ্গ (যেমন—গোরবম্, দারিদ্র্যম্, গুরুত্বম্)।

১১। শত ও সহস্র শব্দ ক্রীবলিঙ্গ এবং বিশেষণ হইলে নিত্য একবচন। শতং বালকাঃ। সহস্রং পুষ্পাণি।

১২। সাধারণতঃ আ-আকারান্ত ও দীর্ঘ ঙ্গি-কারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ—লতা, প্রজা, শাখা, নদী, পৃথিবী।

১৩। ক্রি-প্রত্যয়ান্ত ক্রিয়াবাচক বিশেষ্য শব্দ স্ত্রীলিঙ্গ—মতিঃ, বুদ্ধিঃ, প্রীতিঃ, মতিঃ, ভীতিঃ।

৩। বিশেষ নিয়ম

১৪। ইংরাজী হইতে অনুবাদে ইংরাজী শব্দের বা বাংলা হইতে অনুবাদে বাংলা শব্দের ভাল বাংলার বে প্রতিশব্দ হইবে, উহাই ব্যবহার করিবে। প্রয়োজনবোধে বাক্যটিকে আদিয়াও লইতে পার। অনুবাদ বে অক্ষরাত্মক (literal) হইবে, এমন কোন কথা নাই। তবে যথাসম্ভব ভাবগত মিল ঘেন থাকে।

১৫। কোথাও কিছু আছে বা ছিল থাকিলে ইংরাজীতে যেখানে there is, there was ইত্যাদি দিয়া বাক্য আরম্ভ হয়, সেখানে সংস্কৃতে উহার প্রতিশব্দ 'তত্র' হইবে না। There is a pond in the village—অস্তি গ্রামে সরোবরঃ। অস্তি বা আসীৎ ইত্যাদি বাক্যের প্রথমেও বসিতে পারে। এইরূপ আসীৎ (ছিল) অষোধ্যায়াং দশরথো নাম নৃপঃ।

১৬। কতকগুলি অব্যয়ের ব্যবহার আয়ত্ত করিবে। যেমন—যদা, তদা, কথম্, কিম্ (জিজ্ঞাসায়), প্রাতঃ, মিথ্যা, যত্র, তত্র, যদি, তহি (তবে) ইত্যাদি।

১৭। ইংরাজীতে noun-এর পূর্বে প্রায়ই the বসে। সংস্কৃতে ঐ the-এর অনুবাদ দিবার দরকার নাই। The mother of Vidyasagar—বিদ্যাসাগরস্ত মাতা। He goes to the garden—স উদ্যানং গচ্ছতি।

কিন্তু যেখানে the পদের অর্থ নির্দিষ্ট কোন বস্তু, সেখানে 'ঐ' অর্থে 'তদ্' শব্দের ব্যবহার করিবে। যথা—The mouse fell down. The sage saw the mouse—মূষিকঃ অপতৎ। মুনিঃ তং মূষিকম্ অপশ্রৎ।

১৮। Noun-এর পূর্বে ইংরাজীতে A বা An বসে। সাধারণ-ভাবে সেই জাতীয় ব্যক্তি বা বস্তু বুঝাইলে ইহার অনুবাদে 'এক'—এই প্রতিশব্দ দেওয়ার দরকার নাই। যেমন—Visvamitra is a Kshatriya by caste—বিশ্বামিত্রঃ জাত্যা ক্ষত্রিয়ঃ। An honest man prefers death to disgrace—সজ্জনঃ (একঃ সজ্জনঃ বলিবে না) অবমানাং মৃত্যুম্, অপি বরং মঞ্জতে। তবে 'এক' এই নির্দিষ্ট সংখ্যা বুঝাইলে, উহা বিশেষণরূপে বসিবে। যেমন, It is a jackal—এষঃ একঃ শৃগালঃ। This is an old man—এষঃ একঃ বৃদ্ধঃ। আমাকে একটি বই দাও—মহ্যম্ একং পুস্তকং দেহি। আমি এক বালিকাকে দেখিলাম—অহম্ একাং বালিকাম্ অপশ্রাম্। ইহা একটি ছাত্র--এষঃ একঃ ছাত্রঃ।

১৯। অনির্দিষ্ট কোন কিছু বুঝাইলে 'কিম্' শব্দরূপের সহিত চিৎ-বা চন প্রত্যয় যোগ করিবে। যথা—There lived a king (সেখানে কোন এক

রাজা বাস করিত)—তত্র কচ্চন নৃপঃ প্রতিবসতি অ। ইহা কোন এক ধনীর গৃহ—ইদং কচ্চিৎ ধনিঃ গৃহম্। এইরূপ কাচিৎ বালিকা। কতকগুলি ফল—কানিচিৎ ফলানি। কাংশিৎ বালকান্ পশ্যামি।

২০। সন্ধির মোটামুটি নিয়ম মনে রাখিবে। সন্ধি ঠিকমত জানা না থাকিলে সন্ধি করিবে না। নিয়ম দৃষ্টান্তগুলিতে বোঝার সুবিধার জন্ত সন্ধি করা হয় নাই। কিন্তু শেষের দিকের নমুনাগুলিতে সন্ধিপ্রয়োগ করা হইয়াছে। সংস্কৃতে শেষে বিসর্গ, য় বা নু অনেক ক্ষেত্রেই থাকে। সেই সব স্থলে সন্ধির নিয়ম মোটামুটি মনে রাখিবে (ব্যাকরণ অংশে সন্ধির ছক দেখিয়া ঠিক কর)। ব্যঞ্জনবর্ণ পরে থাকিলে পূর্বের 'য়' অক্ষর হয়—এই নিয়মটি বিশেষভাবে মনে রাখিবে। পিতা মহঃ স্তকং বচ্ছতি। কিন্তু স্বরবর্ণ পরে থাকিলে অক্ষর হইবে না—সঃ মহঃ পুস্তকম্ অচ্ছৎ। আর সঃ এবং এষঃ—এই দুই পদের পর অ-ভিন্ন যে কোন বর্ণ থাকিলে বিসর্গের লোপ হয়। যথা—স গচ্ছতি, এষ বৃদ্ধঃ। কিন্তু সঃ + অক্ষঃ = সোহক্ষঃ।

২১। 'এই' অর্থে 'এতদ্,' 'ঐ' অর্থে 'তদ্' শব্দের ব্যবহার সহজ। ঐ বালক—স বালকঃ। এই বৃদ্ধ লোক—এষ বৃদ্ধঃ। এই বালিকা—এষা বালিকা। এই গৃহ—এতৎ গৃহম্। এই লোকগুলি—এতে নরাঃ।

দৃষ্টান্তঃ—There are birds on the tree—বৃক্ষে বিহগাঃ সন্তি।
Virtue helps a man in life—ধর্মঃ লোকস্য জীবনে সাহায্যং করোতি।
Laksmana is Rama's younger brother—লক্ষ্মণঃ রামস্য অহুভঃ।
(ইংরাজীতে এই সব স্থলে is থাকিলেও সংস্কৃতে উহার দরকার নাই)।

কিন্তু বর্ষাকালে আকাশে মেঘসমূহ হয়—বর্ষাকালে আকাশে মেঘাঃ ভবন্তি (উৎপন্ন বা প্রকাশিত হয়—বোঝাইতেছে বলিয়া 'ভু' বাতু হইল)।

Three boys are running on the street—বালকত্রয়ং সার্গে ধাবতি। Once upon a time there was a king in Ayodhya—আসীৎ একদা অযোধ্যায়্যঃ নৃপঃ। He had four sons—তস্য চত্বারঃ পুত্রাঃ আসন্ (বা, তস্য পুত্রচতুষ্টয়ম্ আসীৎ)।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

(ক) There is a sage in the hermitage in the forest of Vindhya. There lived birds on the tree (এখানে 'তত্র' হইবে না)।

Once upon a time a fowler (ব্যাধ) came there for hunting (use মৃগয়া in চতুর্থী). He was a bad man (দুর্জন). With his arrow, he killed the birds. The birds fell down on the ground from the tree.

(খ) রাজার দুই ছেলে ও দুই স্ত্রী। বৃদ্ধ চোখে দেখে না। শিয়াল বড় চালাক। বালকেরা বাগানে খেলে। পাখীরা গাছে বাস করে। কোনও এক গ্রামে এক ঘনী বাস করিত। এই বালকটি সেই পথে যায়। আমাকে দুইটি বই দাও। শত শিষ্য সহ মুনি চলিতেছেন। কোন এক বালিকা ঘাটে দৌড়াইতেছে।

৪। বিশেষ্য-বিশেষণ-ভাব

২২। বিশেষ্য ও বিশেষণের মধ্যে তিনটি বিষয়ে মিল রাখিতে হইবে। লিঙ্গ, বিভক্তি ও বচন—তিনটি একই রকম হইবে। যেমন—

A good-natured boy (ভাল ছেলে)—সুশীল: বালক:। Two good-natured boys—দ্বৌ সুশীলৌ বালকৌ। A good-natured girl—সুশীলা বালিকা। হারাল বাণের দ্বারা—ভীক্ষেন বাণেন। দুই লখা হাত দিয়া—দীর্ঘাত্যাম্ হস্তাত্যাম্। পাকা ফলগুলি—পকানি ফলানি। Of a prosperous city—সমৃদ্ধশ্চ নগরশ্চ। A virtuous man—ধর্মশীল: বা ধার্মিক: নর:। Bright stars—উজ্জ্বলানি নক্ষত্রাণি। Diligent boys (পরিশ্রমী বালকেরা)—প্রমশীলা: বালকা:। By honest means—সাদৃভি: উপায়ৈ:। A large forest—বিশালম্ বনম্। In the deep pond—গভীরে সরোবরে। উচ্চ বৃক্ষগুলি—উন্নতা: বৃক্ষা:। বড় গাছ—বিশাল: বৃক্ষ:। ভীষণ অন্ধকার—ঘোর: অন্ধকার:। মিষ্ট ফল—মিষ্টং ফলম্। সুন্দর বাগানটি—রম্যম্ উদ্যানম্।

২৩। যেখানে বিশেষ্যের পূর্বে বিশেষণ বসে, সেখানে বিশেষণটি পূর্বে বসাইয়া সমাসবদ্ধ একটি পদ করিয়া দিলে সুবিধা এই যে লিঙ্গ, বিভক্তি ও বচন—এই সবের মিল রাখার দায়িত্ব এড়ান যায়। তবে সমাসে সন্ধি নিত্য।

(ক) A clever boy—চতুর-বালক:। A beautiful garden—রম্যোদ্যানম্ বা সুরম্যবনম্। Sweet-scented flowers—সুস্বভি-পুষ্পাণি। The kind master (দয়ালু মনিব)—দয়ালুপ্রভু:। By young men—যুবকজনৈ:। From the high tree—সমুচ্চবৃক্ষাৎ। In the forest full

of fierce animals— ষাপদ-সকুল-বনে । ষাষ্মিক মুনির নিকট হইতে—
 ষাষ্মিকমুনে: সকাশাৎ । সমৃদ্ধ নগরে—সমৃদ্ধনগরে । আরও দৃষ্টান্ত—বিশাল-
 শাল্মলীতরু: । ধীরসমীরে । পর্বতের উচ্চ শৃঙ্গ—পর্বতস্য উচ্চশৃঙ্গম্ । সিংহেহ
 পত্তীর পত্নী—সিংহস্য গত্তীরপত্নীম্ ।

(খ) সংখ্যাবাচক বিশেষণ প্রয়োগের নিয়ম কিছুটা জটিল, কিন্তু সেই
 সংখ্যাটির পর 'সংখ্যক' এই অকারান্ত শব্দটি বসাইয়া সমাস করিলে সহজে
 অনুবাদ করা যায় । যেমন—Three sons—ত্রিসংখ্যক-পুত্রা: । Five
 daughters—পঞ্চসংখ্যক-কন্যা: । Four brothers—চতু:সংখ্যক-ভ্রাতর: ।
 Twenty rupees—বিংশতিসংখ্যক-রূপ্যকাণি । One hundred students
 —শতসংখ্যক-ছাত্রা: । হাজার লোক—সহস্রসংখ্যক-লোকা: ।

দ্বয়, ত্রয়, চতুষ্টয় ইত্যাদি যেখানে শেষে যোগ করিবে, সেখানে বিশেষণটি
 কিন্তু সমাসের নিয়মে বিশেষ্যের পূর্বে যোগ করিবে । যেমন—Three great
 worlds—বিশাল-ভুবনত্রয়ম্ । Five ripe fruits—পকফলপঞ্চকম্ । With
 a hundred pious disciples—ষাষ্মিক-শিষ্যশতকেন সহ ।

(গ) বিশেষ্য হইতে বিশেষণ করিবার নিয়ম—'কোনও কিছু আছে, এই
 অর্থে মতুপ্, বা ইন্—এই তদ্ধিত যোগে বিশেষণ করা যায় । মতুপ্, যোগে—
 ধর্ম আছে যাহার—ধনবৎ (পুংলিঙ্গে—ধনবান্ ধনবন্তো ধনবন্ত:), গুণ আছে
 যাহার—গুণবৎ, শ্রী আছে যাহার—শ্রীমৎ (শ্রীমান্ শ্রীমন্তো শ্রীমন্ত:) । অ এবং
 আ-বর্ণের পর সাধারণত: মতুপ্ স্থানে বৎ যোগ হয়—গুণবৎ, ধনবৎ, অমৃতমৎ
 —যেমন, শ্রীমৎ, বুদ্ধিমৎ । স্ত্রীলিঙ্গে দীর্ঘ ঈ যোগে গুণবতী, শ্রীমতী (গুণবতী
 গুণবত্যো গুণবত্য:—নদী শব্দের মত) । ইন্-ভাগান্ত শব্দ গুণিন্ শব্দের মত,
 সমাসে কিন্তু পূর্বের হসন্ ম্ লুপ্ত হয়—যেমন, গুণিজন:, ধনিজন: । গুণিন্, সৃষ্ণিন্,
 প্রভৃতি শব্দের স্ত্রীলিঙ্গে ঈ যোগে—গুণিনী সৃষ্ণিনী, ধনিনী, মানিনী ইত্যাদি ।

(ঘ) বিশেষ্যের সঙ্গে পূর্বে বিশেষণযোগে সমাস না করিলে, এবং যেখানে
 বিশেষণটি বিধেয়রূপে পরে বসে (যেমন, দশরথ: দম্বালু:, He is wise—স:
 বিচক্ষণ:), সেই সব স্থলে বিশেষ্য ও বিশেষণের লিঙ্গ, বিভক্তি ও বচন—এই
 তিনটির মিল থাকা চাই । ব্যতিক্রম—ককেয়টি স্থলে ব্যতিক্রম আছে, যেখানে
 বিধেয়টি নিত্য ক্লাবলিঙ্গ বা একই লিঙ্গ । যেমন—শরণম্, নিদাণম্, আস্পদম্,
 ভাজনম্, পাত্রম্, ইত্যাদি । শ্রীহরি: শরণম্, আচার্ধ: ভক্তিপাত্রম্, অহিংসা
 পরমো ধর্ম: । পিতা ভক্তিপাত্রম্ । শ্রীর্গা শরণম্ । পুত্র: স্নেহাস্পদম্ ।

(৬) চলতি বাংলার সমার্থক সংস্কৃত শব্দ নিয়ে দেওয়া হইল। লিঙ্গ বচন ঠিক রাখিও। বধা—শেয়ানা বা ফন্দীবাছ—ধূর্ত। শয়তান—দুষ্ট, দুরাশ্রা। বদবেশাজী—উগ্রসভাব। ফুড়ে—অলস। রাগী—ক্রোধী (সংস্কৃতে রাগী বলিতে অহুঁরাগী)। বুড়ো—বৃদ্ধ। ঝগড়াটে—কলহপ্রিয়। বড়—বিশাল, বা মহৎ (পুংলিঙ্গে মহান্)। ভালবাসা—প্রণয়। খারাপ লোক—অসজ্জন, দুর্জন। মোটামোটা—হুঁপুঁপুঁ। গভর—গাজ (ক্লঃ)। ফুল—পুষ্প। চালাক—চতুর। বোবা—বুক। জলদি—শীঘ্র। ভোজবাজী—ইন্দ্রজাল। ঝগড়া—বিবাদ (পুং)। ধবরের কাগজ—বার্তাপত্র (ক্লীঃ)। খড়—তৃণ। ঠাই—স্থান। গাছ—বৃক্ষ। গোলমাল—কোলাহল (পুং)। কাপড় বা পোষাক—পরিচ্ছদ। মেহনতী—প্রমিক। দরকার—প্রয়োজন। ময়লা—মলিন। বাগান—উদ্যান। গাছী—বান। বেকার—বৃত্তিহীন।

অনুশীলনী

(১) সংস্কৃতে অনুবাদ কর :—

1: গুরু আমাদের শ্রদ্ধার পাত্র। পৃথিবীর সকল লোক নিরাময় এবং সুখী হউক। গভীর নদীতে তাহারা নৌকায় ভ্রমণ করিতেছে। দুর্গা মাহুকের দুর্গতিহারিণী। গাছারী ছিলেন ধর্মশীলা। ভারতবর্ষ প্রাচীন ঐতিহ্যের অক্ষু প্রসিদ্ধ। দাতারা স্বভাবতই দয়ালু। উত্তমী ছাত্রগণ সমাজের সেবা করে। দরিদ্র বালকগণের প্রতি দয়া করা উচিত। বাগানে অনেক সুন্দর ফুল। কোমার পোষাক ময়লা।

2. Here is an intelligent boy in the school. An old as-
cetic lives in the quiet hermitage. Two clever boys play on
the bank of the pond. The kind master has obedient servants.
He is walking in the night of deep darkness. There lived a
virtuous woman with her three beautiful daughters. Our
brave soldiers became victorious (use বিজয়িন্) in the fierce
battlefield. He is learned, wise and happy. It is a dense
forest infested with wild animals. The dutiful king reigned
in the prosperous town. His sons were all qualified.

৫। ক্রিয়াবাচক বিশেষণ

২৪। ক্রিয়াবাচক বিশেষণ দুই প্রকারের—একটি বর্তমান কালের বোধক (Present Participle) আর একটি অতীত কালের বোধক (Past-Participle) প্রথমটিতে 'করিতে করিতে, 'বাইতে বাইতে,' বা 'পড়িতে পড়িতে'—এইরূপ অবস্থা বোঝায়। সেখানে ধাতুর সঙ্গে শত্ বা শানচ্ যোগ করা হয়। ইহারা বিশেষণ, বিশেষ্য অমুসারে লিঙ্গ, বিভক্তি ও বচন হইবে।

ধাতুটি যদি পরস্মৈপদী হয়, তাহা হইলে শত্ প্রত্যয় যোগ হইবে। লট্ অস্তি যোগে যে পদটি হয় (যেমন গচ্ছন্তি, কুর্বন্তি ইত্যাদি) ঠিক সেই পদের 'তি' উঠাইয়া দিলে পুংলিঙ্গে প্রথমার একবচনের পদ পাওয়া যায়। যেমন—
গচ্ছন্তি > গচ্ছন্। কুর্বন্তি > কুর্বন্। ধাবন্তি > ধাবন্ ইত্যাদি। বহুত্বঃ, শত্ 'প্রত্যয়ে 'অঃ' যোগ হয়। যেমন—ধাবৎ, উহারই পুংলিঙ্গের রূপঃ—ধাবন্ ধাবন্তো ধাবন্তঃ। ২য়ার রূপ, যেমন—ধাবন্তম্ ধাবন্তো ধাবন্তঃ। নিরে কয়েকটি দৃষ্টান্ত দেওয়া হইল :—

A falling tree (পড়ন্ত গাছ)—পতন্ত তরুঃ। Two falling trees—
পতন্তো বৃকো। Travelling merchants—ভ্রমন্তঃ বণিকঃ। গর্জনকারী সিংহ—
গর্জন্ত সিংহঃ। আমি এক বালককে দৌড়াইতে দেখিতেছি—অহং ধাবন্ত বালকং পশ্যামি। বনে বেড়াইতে বেড়াইতে এক হরিণকে আসিতে দেখিলাম—
বনে ভ্রমন্ত অহম্ আগচ্ছন্ত যুগম্ অপশ্যম্।

দ্রষ্টব্যঃ শত্ যোগে অল্প কয়েকটির রূপ কিন্তু তৃত্বৎ শব্দের মত। যেমন
জাগ্রৎ পেচকঃ, বিভ্যৎ বালকঃ। ইহাদের দৃষ্টান্ত খুবই অল্প।

২৫। শত্ যোগে স্ত্রীলিঙ্গে সাধারণতঃ শেষে 'ন্তী' হয়, যেমন—গচ্ছন্তী, হসন্তী, ধাবন্তী বালিকা। ইহাদের রূপ নদী শব্দের মত। ২য়ার বহুবচনে—
গচ্ছন্তীঃ, গায়ন্তীঃ হসন্তীঃ ইত্যাদি। ধাতুরূপ বাহাদের কঠিন সেখানে স্ত্রীলিঙ্গে 'ন্তী' না হইয়া 'ন্তী' হয়, যেমন—চিষন্তী, শৃগন্তী, কুর্ষন্তী, শাসন্তী ইত্যাদি।

২৬। আত্মনেপদী ধাতুর পর শত্ না হইয়া শানচ্ হয়। যে সকল ধাতুতে লট্, আতে যোগে শেষে 'এতে' হয় (যেমন, সেবেতে, বর্তেতে ইত্যাদি), সেই সব ধাতুর সহিত 'অমান' যোগ হয়। যথা—সেবমান, বর্তমান, লভমান, ত্রিঘমান ইত্যাদি। কিন্তু যেখানে লট্, আতে যোগে শেষে 'আতে' থাকে (যেমন, শন্যতে) সেখানে 'আন' যোগ হয় যথা, শন্যান। কিন্তু আস্ + শানচ্ আসীন। শানচ্-প্রত্যয়ান্ত শব্দ পুংলিঙ্গে অ-কারান্ত নরশব্দের

মৃত। স্ত্রীলিঙ্গে আ-যোগে লতা শব্দের মৃত। স্ত্রীলিঙ্গে কল শব্দের মৃত।
A dying old man—স্রিয়মানঃ বৃদ্ধঃ নরঃ। A growing creeper in the
garden—উদ্বানে বর্ধমানা লতা। A boy lying in bed—শয্যায়াং শয়ানঃ
বালকঃ। Disciples serving the preceptor—গুরুং সেবমানাঃ শিষ্যাঃ।

দ্রষ্টব্যঃ কৃ-ধাতুর ব্যবহারে যে-কোন ধাতুর অর্থ প্রকাশ করা যায়।
যেমন—ভোজন করা; শয়ন করা, গমন করা। কৃ ধাতু উভয়পদী, শানচ্ যোগে
কুর্বাণ পদ ব্যবহার করা নিরাপদ। ইহা অ-কারান্ত শব্দ, স্ত্রীলিঙ্গে কুর্বাণা।

বিশেষ দ্রষ্টব্যঃ শত্, শানচ্-এর ব্যবহার এড়াইয়াও ক্রিয়াবাচক বিশেষণ
করা যায়। ক্রিয়াবাচক বিশেষ্য শব্দের সঙ্গে 'পর' বা 'রত' এই অকারান্ত
শব্দের যোগে সমাস করিয়া বিশেষণ করিবে। যেমন—ভোজনপরঃ বালকঃ,
রোদনরতঃ শিশুঃ, অধ্যয়নরতাঃ শিষ্যাঃ, ভ্রমণপরঃ পথিকঃ, কলহরতাঃ ছাত্রাঃ,
নৃত্যপরা বালিকা, যুদ্ধপরাঃ সৈনিকাঃ, দেবপূজারতঃ বিপ্রাঃ, পুষ্পচয়নপরা
বালিকা। এই নিয়মটি আয়ত্ত করা খুবই সহজ।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

(a) গুরুকে সেবা করিতে করিতে শিষ্য তাঁহার বিশেষ বিদ্যা লাভ করে।
বালকটিকে পূজার জন্ত ফুল তুলিতে দেখিলাম। রাস্তায় যাইতে যাইতে
ঘোড়াকে দৌড়াইতে দেখি। চলন্ত গাড়ীতে কখনও উঠিও না। দেখিলাম
যুগ্ম শিশু মায়ের কোলে। প্রবল বজ্রার বাতাসে মাঠ নিমজ্জিত।
বিছানায় শোওয়া দুর্বল রোগী। আসনে বসি ধ্যান করিতেছেন। বহিয়া
যাওয়া বাতাস গন্ধ ছড়াইতেছে। কাঁদিয়া ফেবে ক্ষুধার্ত ভিখারী। নষ্ট সময়
আর আসে না। মাতা মৃত, পিতাও মৃত। পরাজিত রাজার দুঃখ বড়ই
অসহ্য। আমি তাহাকে যাইতে দেখিলাম।

(b) Here is a sick boy lying on the bed. While coming
from the village, I saw a jackal running. There are girls
plucking sweet scented flowers in the garden. The growing
creeper has new leaves. Here comes a handsome boy singing.
I find him playing on the broad street A drowning man
(use নিমজ্জমান) catches at a straw. The flowing river is full
of currents. Here blows the breeze carrying fragrance.

৬। ক্রিয়াবিশেষণ

২৭। ক্রিয়া-বিশেষণ বুঝাইলে বিশেষণ পদটিতে ক্রীবলিঙ্গ ও নিত্য-
তৃতীয়ার একবচন ব্যবহৃত হয়। অ-কারান্ত শব্দে স্ যোগ, ই-কারান্ত ও
ঊ-কারান্ত শব্দে কিছু যোগ করিও না। He goes slowly—স ধীরে
গম্বতি। বায়ুঃ মন্দং বহতি। She sings well—সা সাধু গায়তি। এইরূপ
—বৃহঃ মূহু বদতি।

২৮। ইহা ছাড়া আরও দুই প্রকারে ক্রিয়া-বিশেষণ করা যায়। বিশেষ্য
পদটিতে তৃতীয়া বিভক্তি যোগ করিয়া। যেমন, বেগে—বেগেন
(swiftly), এইরূপ যত্নে (carefully), সুখে (happily) ইত্যাদি। অথবা
ঐ বিশেষ্য পদটির পূর্বে সমাসের নিয়মে 'স' যোগ করিয়া ক্রিয়াবিশেষণ রূপে
ক্রীবলিঙ্গ ২য়ার একবচন ব্যবহার করিবে। যেমন—সযত্নম্, সবেগম্, সহর্ষম্,
সক্রোধম্ (angrily)। মনে রাখিবে সক্রোধেন বা সযত্নেন—এরূপ কখনও
হইবে না। হয় ক্রোধেন, বা সক্রোধম্।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

লাফাইতে লাফাইতে (use উৎ-পত্) ঘোড়ারা বেগে ছোটে। বিছানার
শোওয়া রোগী আস্তে আস্তে কথা বলে। গবিত রাজা রাগের সঙ্গে মন্ত্রীকে
বলিলেন। বালকটি ভাল নাচে। বানরগুলি গাছে সুখেই বাস করিতেছিল।
হরিণ ছোরে দোড়ায় বালকটি ভালভাবে গান করে। ধীরে চল, সাবধানে
থাক। হৃদয় আমার আনন্দেতে নাচে। বৃদ্ধ অত্যন্ত দুর্বল, সে মূহুভাবে কথা
বলে। প্রবল বেগে বাতাস বহে। সবিস্ময়ে বলিলাম। মেঘ দেখিতে দেখিতে
ময়ূর আনন্দে নাচে। স্পষ্ট কথা বলিতে বলিতে সে ধীরে চলিয়া গেল।

৭। কর্তৃবাচ্যে কর্তা ও ক্রিয়াপদের নিয়ম

২৯। কর্তৃবাচ্যে ক্রিয়ার পুরুষ ও বচন কর্তার অনুরূপ। ক্রিয়াপদ
বসাইবার পূর্বে একবার দেখিয়া লইবে যে কর্তা একবচন, দ্বিবচন বা বহুবচন
কিনা, এবং কর্তার প্রথম পুরুষ (3rd person) অর্থাৎ আমি, তুমি বা আমরা
ও তোমরা ছাড়া আর কিছু) অথবা মধ্যম পুরুষ (Second

person : তুমি বা তোমরা), উত্তম পুরুষ (1st person : আমি আমরা)
 আছে কিনা। ক্রিয়াপদে কর্তার পুরুষ ও বচনের সঙ্গে মিল রাখিতে
 পারিলেই অনুবাদ বিষয়ে একটা প্রধান যোগ্যতা অর্জন করা হয়।

(ক) লট্, লোট্, লঙ্, বিধিলিঙ্ ও লট্—এই প্রত্যয়গুলির যোগে
 ঠিকঠিক ধাতুর রূপাদর্শ ঠিক রাখিলে ঐগুলির দৃষ্টান্তে অন্য ধাতুর রূপও নির্ণয়
 করা যায়। ধাতুরূপ ঠিক জানা না থাকিলে ক্র-ধাতুর ব্যবহার করা ভাল।

উত্তম পুরুষের কর্তা আমি—ক্রিয়াপদেও পরস্মৈপদী ধাতুতে বর্তমানকাল
 বুঝাইতে শেষে সাধারণতঃ ‘আমি’ যুক্ত হয়। যেমন—ভবামি, গচ্ছামি,
 হসামি, ধাবামি, বদামি। তবে কঠিন ধাতুরূপের ক্ষেত্রে ব্যতিক্রম আছে;
 যেমন—করোমি, চিনোমি। কর্তা, ‘আমরা’ হইলে সহজ ধাতুগুলির শেষে
 ‘আমঃ’ যুক্ত হয়—ভবামঃ, গচ্ছামঃ, বদামঃ, ধাদামঃ।

অন্য যোগে Past tense করা যায়। অতএব লঙ্-এর পদ যেখানে
 জানা নাই, সেখানে লট্-এর সঙ্গে অ যোগ করিলে অবশ্যই অনুবাদ শুদ্ধ হইবে
 (করোতি অ)। লঙ্-এর বেলায় ক্রিয়াপদের পূর্বে একটি ‘অ’ যুক্ত হয় এবং 3rd
 Person একবচনে পরস্মৈপদী ধাতুতে প্রায়ই শেষে ং (অগচ্ছং, অভবং,
 অকরোং) ইত্যাদি হয়, বহুবচনে শেষে প্রায়ই হসন ন্ হয় (অগচ্ছন্, অভবন্,
 অকুবন্)। 1st person একবচনে শেষে ‘ম্’ (অপশ্যম্, অগচ্ছম্ ইত্যাদি)
 এবং বহুবচনে ‘আম’ যোগে হয় (অপশ্যাম, অগচ্ছাম)। এই সাধারণ সঙ্কেতগুলি
 মনে রাখা ভাল। এগুলি ভূাদি, তুদাদি, দিবাদি ও চুরাদিগণেই খাটে।

(খ) উচিত (should) অর্থে বিধিলিঙ্ প্রয়োগ করিবে। যেখানে One
 should বলিয়া হংরাজী বাক্য থাকিবে—সেখানে “one” এই কর্তৃবাচক পদটির
 সংস্কৃতে উল্লেখ না করিলেও চলিবে। ক্রিয়ার 3rd person singular ব্যবহার
 করিলেই তাহা বোঝা যাইবে; যেমন—One should speak the truth—
 সত্যং বদেৎ। One should do it—ইদং কুর্যাৎ।

(গ)- কর্তৃবাচ্যে ক্রুবতু যোগে অতীতকাল করা যায়। ইহা পূর্বে বলা
 হইয়াছে। উহা কর্তার বিশেষণ, পুংলিঙ্গ যথা—স চন্দ্রং দৃষ্টবান্, তৌ চন্দ্রং
 দৃষ্টবন্তৌ, তে চন্দ্রং দৃষ্টবন্তঃ। স্ত্রীলিঙ্গে শেষে ‘বতী’ হয় এবং উহা নদী শব্দের মত
 —বালিকা গতবতী, মাতা উক্তবতী। অকর্মক ও গমনার্থক ধাতুর বেলায়
 কর্তৃবাচ্যেও ক্রু হয়—যথা স গৃহং গতঃ। তে তত্র স্থিতাঃ। সীত্ৰা বনং
 গত। তে প্রস্থিতাঃ। তে পলায়িতাঃ (গত্যর্থক)। সা কুদিতা।

৮। কর্মবাচ্যে ও ভাববাচ্যে ক্রিয়াপদের নিয়ম

৩০। কর্মবাচ্যে কর্মে হইবে প্রথমা, কর্তায় তৃতীয়া ও ক্রিয়াপদটি প্রথমান্ত কর্মের অরূপ অর্থাৎ ক্রিয়ার বচন ও পুরুষ কর্মের অরূপ। লট্, লোট্, লঙ্, বিবিপিড্—এই কয়টি বিভক্তির পূর্বে য-কার আগম হয়। বাতুটি আত্মনেপদী হইবে। যেমন—লট্ তে যোগে—দৃশ্যতে, ভূতে, গীয়েতে, চীয়েতে শ্রুতে, দীয়েতে, ভূজাতে, পীয়েতে, মেব্যতে, লভ্যতে ইত্যাদি। ভাববাচ্যে কর্ম থাকে না, কর্তায় তৃতীয়া হয়, ক্রিয়া-পদটিতে য-ফলা যুক্ত হয় এবং নিত্য 3rd person singular হয়; যেমন—বালকৈঃ হস্ততে, শিশুনা কৃন্ততে, অশ্বাভিঃ স্থীয়তে, তেন শ্রিয়তে।

Flowers are being plucked by the boys—বালকৈঃ পুষ্পাণি চীয়েতে। We see the moon in the sky—আকাশে অশ্বাভিঃ চন্দ্রঃ দৃশ্যতে। The mouse is killed by the cat—মূষিকঃ বিড়ালেন হস্ততে।

৩১। উচিত অর্থে কর্মে বা ভাববাচ্যে তব্য, অনীষ, গ্যৎ, যৎ প্রভৃতি কৃত্য প্রত্যয় যোগে অনুবাদ করা সহজ। কর্তায় তৃতীয়া বা ষষ্ঠী হইবে, কৃত্য-প্রত্যয়ান্ত শব্দটি কর্মবাচ্যে প্রথমান্ত কর্মের বিশেষণ বলিয়া উহার সহিত লিঙ্গ, বিভক্তি ও বচনের মিল হইবে। দৃষ্টান্ত যথা—We should respect our teachers—শিক্ষকাঃ অশ্বাকং (বা অশ্বাভিঃ) মাননীয়ঃ। One should not tell a lie—মিথ্যা ন বক্তব্যম্ (মিথ্যা পদটি অব্যয়)। A bad companion should be avoided—অসংসংসর্গঃ পরিহর্তব্যঃ।

ভাববাচ্যে কর্ম নাই, কৃত্য-প্রত্যয়যুক্ত পদটি নিত্য ক্লীবলিঙ্গ একবচন ('ফল' শব্দের মত রূপ), যথা—I shall know—ময়া জ্ঞাতব্যম্। He should go—তেন গন্তব্যম্। We should stay—অশ্বাভিঃ স্থাতব্যম্।

৩২। অতীতকালে কর্মবাচ্যে ও ভাববাচ্যে ক্ত-প্রত্যয় যুক্ত হয়। ক্ত-প্রত্যয়ান্ত পদটি প্রথমান্ত কর্মপদের বিশেষণ। রাবণো রামেণ নিহতঃ, চন্দ্রো বালকেন দৃষ্টঃ, ময়া পুস্তকং ক্রীতম্, দশরথশ্চ আজ্ঞা রামেণ প্রতিপালিতা। ভাববাচ্যে ক্ত-প্রত্যয়ান্ত পদ নিত্য ক্লীবলিঙ্গ একবচন—তেন হসিতম্, অশ্বাভিঃ শয়িতম্।

অনুশীলনী

সংস্কৃতে অনুবাদ কর (কর্তৃবাচ্যে) :—

(ক) পাখীরা গাছে বাস করিত। একদিন খুব বৃষ্টি হয়। পাখীরা তাহাদের বাসায় সুখেই ছিল। গাছের তলায় বানরেরা কাঁপিতেছিল। পাখীরা বানরদিগকে

উপদেশ দিল—‘নিজের তৈরী বাসগৃহ তোমাদের থাকা উচিত। আমরা ঠোঁটে বড়কুটো জোগাড় (সম্ গ্রহ) করিয়া বাসা তৈরী করি। আর হাত-পা লইয়া তোমরা অক্ষম।’ কিন্তু সেই উপদেশে তাহারা রাগিয়া উঠিল। যখন বৃষ্টি ধামিল, তখন তাহারা গাছে উঠিয়া পাখীদের বাসা ভাঙ্গিয়া দিল।

(খ) এই সেই আশ্রম। ইহা ঋষির তপোবন—যেখানে শিষ্যরা নিত্য বেদ পড়িতেছে। মুনিকন্ঠারা মানন্দে বৃক্ষে জল সেচন করিতেছে। তাহারাও পাঠাভ্যাস করে। অতিথি পরিচর্যা আশ্রমবাসীদের বিশেষ কাজ। শিষ্যরা আচার্যকে পিতার মত ভক্তি করে।

2. সংস্কৃতে অনুবাদ কর (কর্মবাচ্যে) :

সুন্দর এক কানন সেখানে আমাদের দ্বারা দৃষ্ট হইল। সেখানকার তরু ও লতায় জল সেচন করা হইতেছিল। নিকটেই আশ্রম দেখা গেল। আশ্রমের মুনিকে আমাদের সম্মান করা উচিত।

৯। অসমাপিকা ক্রিয়া

৩৩। করিতে, যাইতে—এই অর্থে ‘তুমুন্’ যোগ করিবে। কর্তা এক হওয়া চাই। He wishes to go—স গন্তুম্ ইচ্ছতি। They can do—তে কর্তুম্ শক্নুবন্তি। They go to the river to bathe—তে স্নাতুং নদীং গচ্ছন্তি। I go to sleep—অহং শয়িতুং গচ্ছামি।

কর্তা এক না হইলে তুমুন্ ব্যবহার করা ঠিক নয়। তখন ক্রিয়াবাচক বিশেষ্যপদে নিমিত্তার্থে চতুর্থী যোগ করিবে—যেমন, প্রভুঃ স্তৃতাম্ গমনাম্ম আদিশতি (‘গন্তুম্ আদিশতি’ হইবে না)। ক্রিয়াবাচক বিশেষ্যে তাদর্থ্যে চতুর্থী সর্বত্র যোগে করা যায়, যেমন—পাকায় স য়তি, স্নানায় য়তি।

৩৪। করিয়া, যাইয়া এই অর্থে ক্রু, হইবে, উপসর্গ বা অব্যয় পূর্বে থাকিলে ল্যপ্ হইবে। সাধারণতঃ কর্তা এক হওয়া চাই। স গৃহং গম্বা পিতরং প্রণমতি। মাতরং প্রণম্য পুত্রঃ গচ্ছতি। এইরূপ আকুহ, বিজিত্য, আদায়, সংগৃহ ইত্যাদি।

১০। কারক-বিভক্তিভাব

৩৫। কারক ও বিভক্তির যে সব নিয়ম খুব কঠিন, সেই জটিল প্রয়োগগুলি এড়াইয়া অনুবাদ করা নিরাপদ। পরের পৃষ্ঠার প্রবান নিয়মগুলি অবশ্যই মানিবে।

- (১) ১বা—কর্তৃবাচ্যে কর্তায়, কর্মবাচ্যে কর্মে ও নাম বুঝাইতে ১বা ।
- (২) ২রা—কর্মে, ক্রিয়াবিশেষণে, ব্যাপ্তি অর্থে কালবাচক শব্দে, এবং
বিনা, প্রতি, বিক্, নিকষা (near), পুরতঃ (in front), অভিতঃ (toward),
পরিতঃ (around) প্রকৃতি শব্দবোলে দ্বিতীয়া ।
- (৩) ৩রা—করণে ৩রা, কর্মবাচ্যে ও ভাববাচ্যে কর্তায় তৃতীয়া, হেতু-অর্থে
ও উন, বারণ ও প্রয়োজন অর্থে এবং সূহ ও তুল্যার্থ শব্দবোলে ৩রা ।
- (৪) ৪র্থী—সম্প্রদানে, ভাদর্থ্যে এবং ননঃ, বস্তি প্রকৃতি শব্দবোলে ৪র্থী ।
- (৫) ৫মী—অপাদানে অর্থাৎ বাহ্য হইতে বিচ্যুত, ভয়, বিরতি, প্রাপ্তি
ইত্যাদি বোঝায় এবং হেতু ও অপেক্ষা অর্থে (অন্তের অপেক্ষা উৎকৃষ্ট বা নিকৃষ্ট
এই অর্থে) এবং অভ, প্রাক্ (পূর্বে), বহিঃ, আরাং (দূরে বা নিকটে) ও
আ-বোলে (পর্কত অর্থে) ৫মী ।
- (৬) ৬মী—কাহার এই প্রেরণ উত্তরে সৰ্ব্ব পদে, কৃৎবোলে ক্রিয়াবাচক
শব্দপদের সহিত সম্পর্ক বুঝাইতে (যেমন—অন্নত ভোজনন্, অবত পদন্)
এই সব অর্থে ও নির্ধারণে (বহুর মধ্যে উৎকর্ষে) ৬মী ।
- (৭) ৭মী—স্থান, কাল ও বিষয়াদিকরণে এবং তাহে ৭মী ।

বিবিধ দৃষ্টান্ত

There is a big forest near the Vindya hill—বিন্দ্যপিরি
নিকষা অভি বহু বনন্ । Having done this he left for the village—
ইদং কৃষা ন গ্রামায় প্রস্থিতঃ (পমনার্ক-বাহু বলিয়া কর্তৃবাচ্যে ক্ত) । The
king of this country is very generous—অত দেশত নৃঃ অতীব
(ইহা অব্যয়) দানশীলঃ । O, Sanjaya, listen to me, you are in-
telligent and educated—তোঃ সঞ্জয়, শৃণু মম, স্বং বুদ্ধিবান্ পণ্ডিতক ।
There are beautiful gardens round the city of Ujjayini—
উজ্জয়িনীপুরীং পরিতঃ সন্তি রম্যানি উত্তানানি । The Brahmanas went
to the sage and asked him a question—ভাগসসরীপং পদা ব্রাহ্মণাক
প্রশ্নন্, অপৃচ্ছন্ (প্রচ্ছ, বাহু বিকর্ষক) । The student read grammar
for six months—ছাত্রঃ মাসষট্‌কং ব্যাকরণন্, অপঠৎ (পঠতি স্ব, বা
পঠিতবান্) । In the spring the cuckoo sings very sweetly in the
mango grove—বসন্তকালে কোকিলঃ আম্রকূজে সুস্বরং গায়তি । One
should serve the country at the cost of one's own life—স্বপ্রাণ

ব্যয়েনাপি দেশং রক্ষং (অথবা অনীয় যোগে কর্মবাচ্যে—দেশঃ রক্ষণীয়ঃ)।
 What is the use of learning, if it does not give modesty?—
 বিগ্ৰহা কিম্, যদি সা বিনয়ং ন দদতি (বা, যচ্ছতি)? going with the
 disciples the ascetic bathed in the river—শিষ্যবৃন্দেন সহ গচ্ছন্
 মুনিঃ নগ্নাং স্নানম্ অকরোং (বা স্নাত্তি স্ম)। He is equal to Harischandra
 in charity—স দানেন হরিশ্চন্দ্রেণ তুল্যঃ। Our teacher should be
 respected—শিক্ষকঃ অস্মাকং মাননীয়ঃ (বা অস্মাভিঃ মাননীয়ঃ)। I
 shall send a messenger to the king—রাজসমীপে অহং দূতং প্রেরয়ি-
 শ্চামি। Karna, mounting on the chariot, started for battle—
 কর্ণঃ রথম্ আকুহ যুক্রায় প্রাস্থতঃ। Sita was highly afraid of Ravana
 —আসীং সীতা রাবণাদ্ অতীব ভীতা। Good men show their use-
 fulness by deeds—সজ্জনাঃ কর্মাভিলেষাম্ উপযোগং দর্শয়ন্তি।

অনুশীলনী

১। সংস্কৃতে অনুবাদ কর :—

(ক) (i) পাটলিপুত্র নগরে গোপাল নামে এক ব্রাহ্মণ ছিল। তাহার পুত্রের মৃত্যুতে সে শোকে উন্মত্ত হয়। (ii) নদীর তীরে পবিত্র আশ্রম অবস্থিত ছিল। সন্ধ্যায় মুনিয়া সেখানে বেদ গান করেন। (iii) পাঁচটি রাজপুত্র গভীর বনে গিয়া উপস্থিত। কিন্তু কোথাও তাহারা খাবার জল পাইল না। (iv) দিলীপের যজ্ঞাশ্ব চুরি করেন দেবরাজ ইন্দ্র। অতএব ইন্ড্রের সঙ্গে তাহার পুত্র রঘুর যুদ্ধ হয়। (v) যাহারা কথা বেশী বলে, তাহারা কাজ করে কম। মানুষের কাজেই পরিস্রম, কথায় নহে। (vi) একদা এক বাজপাখী (শুনঃ) মাংসের টুকরা লইয়া যেই গাছে উঠিল, তখনই আর সকলে তাহাকে আক্রমণ করিল।

(খ) বন্ধু বিনা অশ্রু কেহ আমাকে বিপদ হইতে রক্ষা করিবে না। সং ব্যক্তিরাত্তি দুষ্টদিগকে ভয় করে, কারণ তাহারা বিনা কারণেই ক্ষতি করে। বীরবর রাত্রিতে রাজবাড়ীর বাহিরে গেল। দুঃখে কাঁদিতেছে এমন এক স্ত্রীলোককে সে দেখিল। সূর্য্যাস্তের আগে (প্রাক্) তোমরা মুখ বোও (প্রক্ষালয়)। লব ও কুশ দুই ভাই বাঁশ্মীকির কাছে রামায়ণ শিখিয়াছিল। আমরা আরম্ভ হইতে (আদিতঃ) গল্পট (উপাখ্যান) শুনিতে ইচ্ছা করি।

বিদিশায় শূদ্রক রাজা ছিলেন, প্রজারা তাঁহাকে ভালবাসিত। অসৎসঙ্গ হইতে নিজেকে (আত্মানম্) দূরে রাখা উচিত। হরি অপেক্ষা এই বালকটি অপেক্ষাকৃত বুদ্ধিমান (বুদ্ধিমত্তরঃ)। সে বাঘের ভয়ে কাঁপিতেছিল, প্রত্যেকেরই (সর্ব) তাহাদের মা বাবাকে সম্মান করা উচিত। সে আমার কাছে দিনে দুইবার আসে। পণ্ডিত ব্যক্তি সকলের সম্মানিত, কিন্তু কেহই মূৰ্খকে পছন্দ করে না। সচ্চরিত্রতা হুখেই পরিণত হয়। লোভ হইতে দুঃখ জন্মে। হিতৈষী লোকেরা (হিতৈষিণঃ) ভাল উপদেশ দেন, এবং তাহাদের উপদেশ আমাদের শোনা উচিত। সে তাহার শ্রেণীর ছাত্রদের মধ্যে সর্বাপেক্ষা বুদ্ধিমান। রাজা তাহার প্রাসাদ হইতে সমুদ্র দেখেন। কাক পাখীদের মধ্যে সবচেয়ে চালাক। অল্প মাহুঘটিকে তাহার পুত্র হাত ধরিয়া আছে। আধুনিক যুগে রবীন্দ্রনাথ সর্বাপেক্ষা বড় কবি। সূর্য অস্ত গেলে, অনুচরবর্গের সঙ্গে আমরা নগর ত্যাগ করিব। শরীরে অগ্নি হইতে বল হয়, কিন্তু অপরের পীড়ার জন্য বল নহে। তাহার প্রাণের অপেক্ষাও সীতা রামের প্রিয় ছিলেন, তথাপি রাম লোকনিন্দার জন্য তাহাকে ত্যাগ করেন (ত্যাগ,)।

অনুবাদের আরও আদর্শ

কাহিনীমূলক (Narrative)

নিম্নের অনুবাদের নানা ধরনের দৃষ্টান্ত দেওয়া রহিল। অনুবাদের অনুসৃত রীতি ভালভাবে লক্ষ্য করিবে।

1. অযোধ্যায় অনেক গুণসম্পন্ন দশরথ নামে এক রাজা ছিলেন। তাহার তিন স্ত্রী ও চার পুত্র ছিল।

—আসীং অযোধ্যায়াং দশরথো নাম গুণগ্রামেপেতঃ কশ্চিং নৃপঃ (গুণগ্রাম = গুণরাজি)। আসন্ তস্ম তিস্রো ভার্যাঃ চত্বারঃ পুত্রাশ্চ [সংস্কৃতে ক্রিয়াপদ বাক্যের প্রথমেও দেওয়া যায়।]

2. দশরথের জ্যেষ্ঠ পুত্র রাম পিতার আদেশ পালন করিয়া বনে গিয়াছিলেন। সঙ্গে ছিলেন সীতা এবং লক্ষণ।

—দশরথস্ত জ্যেষ্ঠঃ পুত্রো রামঃ জনকনিদেশং পালয়ামাস। সীতয়া লক্ষণেন চ সহ স বনং জগাম (লিট্, প্রয়োগ)। [দুই বাক্যে ভাঙ্গা হইয়াছে।]

3. লক্ষণ ও সীতার সহিত রাম যখন বনে যাইতেছিলেন, তখন প্রজারা কাঁদিতে লাগিলেন।

সঙ্গীতে মহলক্ষণে (বহুব্রীহি সমাস) চ রামে বনং প্রস্থিতে (ভাবে ৭মী) অঘোষাবাস্তব্যাঃ প্রজা রোদিতুম্ আরকাঃ।

4. In the territory of Kalinga, there is a city by the name of Sobhavati, where lived a wise rich Brahmin.

অস্তি কলিঙ্গদেশে শোভাবতী নাম নগরী। তত্র স্তানী ধনী চ কচ্চন ব্রাহ্মণঃ প্রতিবসতি অ (অ-যোগে অতীত অর্থে লট্)। বাক্যটিকে ভাঙ্গিয়া অনুবাদ করা হইল।]

5. In ancient times there lived in Puspapuri a king, Rajavahana by name, who defeated even Kartikeya in beauty.

পুরা পুষ্পপূর্ষাং রাজবাহনো নাম নরপতিঃ প্রতিবসতি অ (অ যোগে অতীত)। স সৌন্দর্যেণ কাটিকেষ্মপি পরাজিতবান্ (ক্তবতু যোগে)।

6. Parasurama was a Brahmin by caste but ksatriya by profession, while Visvamitra was a Ksatriya by caste, but became Brahmin by dint of his penance.

পরশুরামঃ জাত্যা ব্রাহ্মণঃ বৃত্ত্যা চ ক্షত্রিয় আসীৎ। বিশ্বামিত্রস্ত জাত্যা ক্షত্রিয়োইপি তপোবলেন ব্রাহ্মণোহভবৎ (তৃতীয়া বিভক্তি লক্ষণীয়)।

বর্ণনামূলক (Descriptive)

7. সূর্য অস্ত গলে একশত শিষ্যের সঙ্গে ঋষি সমৃদ্ধ এক নগরীতে পৌঁছিয়া সেখানে রাত্রিতে বিশ্রাম করিয়াছিলেন।

—সূর্যোহস্তং গতে (ভাবে ৭মী) শতেন শিষ্যৈঃ সহ তাপসঃ সমৃদ্ধাং নগরী-মাগাত্ত তত্র রাত্রৌ বিশ্রামম্ অকরোৎ (ক্ত-ধাতুর ব্যবহার)।

8. আঃ কি সুন্দর চন্দ্রালোকিত রাত্রি! এস আমরা ইহার সৌন্দর্য উপভোগের জন্য বাগানে বেড়াই।

—অহো কীদৃক্ রমণীয়া ইয়ং চন্দ্রালোকিতা রজনী! তদেতশ্চাঃ সৌন্দর্যম্ উপভোক্তুম্ অস্মাভিরুচ্যানভ্রমণায় গন্তব্যম্ (ক্ত্যপ্রত্যয়ের যোগে)।

9. ঈশ্বরচন্দ্র একজন বড় পণ্ডিত ছিলেন। তিনি মাতৃতন্ত্র ছিলেন। তাঁহার চরিত্রবল আমাদের উৎসাহিত করে।

আসীং ঈধরচন্দ্রো মহান্ গণ্ডিতঃ মাতৃভক্তশ্চ । তস্য চরিত্রবলম্ অস্মান্
অনুপ্রেরয়তি ।

10. এই স্মরণ প্রভাত । সূর্য পূর্বদিকে উঠিয়াছে । পদ্মগুলি ফুটিয়াছে ।
বালিকারা সেগুলি তুলিতেছে ।

—রম্যম্ ইদং প্রাতঃ । পূর্বশ্চাং দিশি সূর্যঃ সমুদিতঃ । সরোবরে কমলানি
প্রস্ফুটন্তি । বালিকাশ্চ তানি চিবন্তি ।

11. Having ri-en from bed, those two went to the river
to wash their hands and feet.

শয্যাতঃ (মেীর স্থানে তসিল্ যোগে অনুবাদ করা যায়—নদীতঃ ইত্যাদি)
সমুখায় পাণিপাদং প্রক্ষাল্য তুং স্বাবেব তৌ নদীং গতো (কর্তৃবাচ্যে ক্ত) ।

12. Having heard this, the king said angrily; "O you are
a fool to say so. How can you be my friend? A king has no
friendship with a beggar "

ইদমাকর্ণ্য রাজা সরোষম্ অবদৎ—'অহো তুং মুখ' : যদেবং ভাষসে । কথং
স্বং মে সখা ভবে: ? ন হি রাজ্ঞঃ সখ্যং ভবতি ভিক্ষুকেণ সহ । (বাক্যের
প্রথমে 'ন হি'—সংস্কৃতের একটি বিশিষ্ট বাগ্‌ভঙ্গি) ।

13. Let the cows give enough milk, Let the cloud pour
in time. Let the earth be rich with all sorts of corns.

ভুরিক্ষীরদা ভবন্তু ধেনবঃ । কালে বর্ষতু বারিবাহঃ । নানাশস্যসম্ভারৈশ্চ
সমৃদ্ধা ভবতু বহুধরা (ইংরাজীর মত ভাবগান্তার্য অনুবাদেও লক্ষণীয়

উপদেশমূলক (Didactic)

14. সং ও সত্যবাদী হও । কোন বড় কাজ কখনই অসহুপায়ে সাধন করা
যায় না ।

—সজ্জনঃ সত্যবাদী চ ভব । অসাধুভিরূপায়ৈঃ ন কিমপি মহৎ কার্যং কদাপি
নিষ্পাদয়িতুং শক্যম্ ।

15. জ্ঞানই বল । অজ্ঞান দুঃখের মূল । জ্ঞান ব্যতীত মানুষ বস্ত্র পশুই মত ।
অতএব জ্ঞানার্জনে মন দাও ।

জ্ঞানমেব বলম্ । অজ্ঞানং দুঃখস্য মূলম্ । জ্ঞানং বিনা নরঃ প্রায়ঃ বস্ত্রঃ
পশুরিব । অতো জ্ঞানার্জনে মনো দেহি ।

16. One who keeps company with the good and holds good discourse with the learned does not suffer in life.

সঙ্কনৈঃ সহ সাক্ষ্যং বিষডিষ্ট সহ সংকথাং কুর্বাণো জনঃ কষ্টং নাপ্রোক্তি জীবনে ।

17. What is the use of the acquisition of money, if it is not given to the poor ? What is learning without discipline ?

কিং ভাবদ্, অর্জিতেন ধনেন যদি নাম দরিদ্রায় তন্ন দীয়তে ? নিয়মানুবর্তনং বিনা কিং নাম বিদ্যাভাসেন ?

18. Some have too much, still they crave. I have little yet seek no more.

কেষামস্তি অতীব ভূষঃ, তথাপি তে কাজ্জস্তি । অকিঞ্চনোহপি নাহমধিকং কাময়ে ।

দ্রষ্টব্য—[অনুবাদ প্রকরণে নির্বাচিত বাক্যগুলির কয়েকটি বা অংশবিশেষ পর্ষৎ ও বিশ্ববিদ্যালয়ের গৃহীত নানা প্রশ্নপত্র হইতে যথাসম্ভব গৃহীত ।]

অনুবাদের অন্যান্য বিবিধ আদর্শ

1. ধর্ম চিন্তের শান্তি আনে । ধার্মিক ব্যক্তি কোন কিছু হইতেই ভয় পায় না । ভগবান্ তাহাকে সকল আপদ হইতে ত্রাণ করেন ।

অনুঃ—ধর্মো হি মনসঃ শান্তিং জনয়তি । ধার্মিকো ন কুতশ্চিদ্, বিভেতি । ঈশ্বরস্তম্ আপন্নিস্যাৎ ত্রায়তে । (নিচয় = সমুহ) ।

2. সন্ধ্যা সমাগত হইলে মুনিবালকেরা শিলাতলে বসিয়া সান্ধ্য স্তব গান করিলেন ।

অনুঃ—প্রদোষে সমাগতে শিলাতটে নিষণ্ণা মুনিকুমারাঃ সান্ধ্যং স্তোত্রং গায়ন্তি । (প্রদোষ = সন্ধ্যাকাল) । (নিষণ্ণ = উপবিষ্ট) ।

3. সকলকে ভালবাস । কেহই তোমার শত্রুতা করিবে না । কখনও মিথ্যা বলিবে না । সকলেই তোমার সম্মান করিবে ।

অনুঃ—সর্বেষু প্রীতিমান্, ভব । ন কোহপি ষ্মি বৈরং করিষ্যতি । কদাপি ন যুষা বদ । সর্বে স্বাং মানয়িষ্যন্তি ।

৪. মরণের পূর্বেই কাপুরুষেরা বারবার মরিয়া থাকে। কিন্তু সাহসী বীরগণ একবারই মরিয়া থাকে।

অনুঃ—প্রাগেব মরণাং কাপুরুষা অসকৃদ্ ত্রিঘন্তে। শূরাস্ত সাহসিকাঃ সকৃদেব ত্রিঘন্তে।

৫. যতদিন জীবন ততদিন ধর্ম আচরণ কর। ধর্মই একমাত্র বন্ধু যাহা যত্নাত্তেও অনুগমন করে। আর সব দেহের সঙ্গে নষ্ট হয়।

অনুঃ— যাবজ্জীবং ধর্মং চর।

এক এব সুহৃদ্বর্মো নিধনেহপ্যনুযাতি যঃ।

শরীরেণ সমং নাশং সর্বমন্তুষ্টি গচ্ছতি।

৬. তাহাদের সঙ্গে মিশিও না, যাহাদের স্বভাব মন্দ। যে সংসঙ্গে কাল কাটায়, তাহাকে সবাই ভালবাসে।

অনুঃ—যেষাং মন্দঃ স্বভাবঃ তৈঃ সহ সঙ্গং ন কুর্যাৎ। তস্মিন্বেব সর্কে অনুরজ্যন্তে যঃ সজ্জনসঙ্গেনৈব কালং যাপয়তি।

৭. যুদ্ধে কখনও কল্যাণ নাই। লাভ বা সুখ কিছুই নাই। যে ক্ষতি হয় তাহার তুলনায় জয়ের মূল্য কিছুই নহে।

অনুঃ—ন যুদ্ধে কল্যাণং ক্চিৎ, নাস্তি লাভো ন বা সুখমপি কিঞ্চিৎ। যচ্চ কীর্ততে, ঔপম্যেন তস্য অকিঞ্চিৎকরং জয়স্য মূল্যম্।

৮. প্রকৃত দয়ালু ব্যক্তির দরিদ্র ও আর্তদের পরম যত্নের সহিত সেবা করেন। তাঁহারা ইহা কর্তব্য মনে করেন।

অনুঃ—যথার্থদয়ালুজনা দরিদ্রান্ আর্তাংশ্চ পরমযত্নেন সেবন্তে। তদিদং তে কর্তব্যং মন্তুন্তে।

৯. ভারতবর্ষ তাহার মন্দির এবং পবিত্র স্থানগুলির জন্য বিখ্যাত। এম আমরা সানন্দে সেগুলি পরিদর্শন করি।

অনুঃ— ভারতবর্ষং তস্য দেবালয়ানাং পুণ্যতীর্থানাং চ হেতোঃ বিস্তৃত-মস্তি। তদেহি, বয়ং তানি সানন্দং পরিপশ্যামঃ।

১০. একদা দ্রোণ রাজা দ্রুপদকে বলিলেন—‘ওহ আমি তোমার বন্ধু; রাজ্যের অর্ধেক আমাকে যে দিতে চাহিয়াছিলেন, সেই প্রতিজ্ঞার কথা তোমার স্মরণ আছে কি?’

অনুঃ— একদা দ্রোণো নৃপং দ্রুপদমাহ—ভোঃ। অহমস্মি তে সখা, রাজ্যার্ধং সহং দেয়মিতি প্রতিজ্ঞাবৃন্তান্তং কিং স্মরসি ?

11. প্রমের দ্বারা বিনষ্ট বনের পূরণ হইতে পারে, চিকিৎসার দ্বারা রোগের প্রতিকার হইতে পারে, কিন্তু সময় নষ্ট হইলে উহা চিরকালের মতো চলিয়া যায়

অনুঃ—প্রমেন নষ্টবনস্ত পূরণং ভবেৎ, চিকিৎসয়া রোগস্ত চ প্রতিকারঃ সন্তবেৎ, কিন্তু সৰুদপি নষ্টঃ কালঃ চিরায় সমতীতঃ স্তাৎ ।

12. আমাদের মাতৃভূমির সম্মান উচ্ছে তুলিয়া ধরিতে হইলে আমাদের সকলকেই কঠোরশ্রম করিতে হইবে। চালাকির দ্বারা কোন মহৎ কাজ হয় না।

অনুঃ—অকস্মাৎ মাতৃভূমেঃ সম্মানমুচ্ছেঃ সমুদ্ধতুং সর্বৈরস্মাভিঃ কঠোরঃ শ্রমঃ কার্যঃ । ন হি ছিলেন মহৎ কিমপি কর্ম প্রসিধ্যতি ।

13. রাত্রিকালে নক্ষত্রমণ্ডিত আকাশের দিকে দৃষ্টি দিলে জগতের বিশালতা আমাদের মনে আগিয়া ওঠে। তখন আমরা বিস্ময়ে অভিভূত হই।

অনুঃ—নক্ষত্রখচিতং নভোমণ্ডলং পরিপশুতাং নো মনসি জাগতি বিশ্বস্ত বিপুলতা । তদা বয়ং বিস্ময়েন অভিভূতা ভবামঃ ।

14. বৃক্ষগুলি স্বয়ং সূর্যের প্রচণ্ড তাপে অবস্থান করে, কিন্তু পরের উপকারের জন্য ছায়াপ্রদান করে না। পরোপকারই সজ্জনগণের স্বভাব।

অনুঃ—পাদপাঃ খলু স্বয়ং তিষ্ঠন্তি প্রচণ্ডমার্ত্তণ্ডতাপে, কিন্তু ছায়াং কুৰ্বন্তি পরোপকারায় । পরোপকারো হি সজ্জনানাং প্রকৃতিঃ ।

17. সূর্যবংশের রাজা ত্রিশঙ্কু পাণ্ডিথ শরীর লইয়াই স্বর্গ যাইবার জন্য যত্ন করিতে ইচ্ছা করেন। কিন্তু সেই ইচ্ছা সফল হয় নাই।

অনুঃ—সূর্যবংশস্য নরপতিস্ত্রিশঙ্কুস্তস্য মর্তেনৈব শরীরেণ স্বর্গমারোঢ়ং বিষম্বতে স্ম (বজ্, বাতু সনন্তের প্রয়োগ) । পরন্তু তদভীষ্টং ন সিদ্ধমাসীৎ ।

18. এই বসন্তকাল আসিল বৃক্ষগুলি নবপত্র শোভিত হইয়াছে। ফুলে-ফুলে ভ্রমররা গুনগুন করিয়া বেড়াইতেছে। কাননে কোকিলরা ডাকিতেছে।

অনুঃ—এষা বসন্তঃ সমায়াতঃ । নবপল্লবৈঃ শোভন্তে বৃক্ষাঃ । গুঞ্জন্তো ভ্রমরা পুষ্পেষু ভ্রমন্তি । কাননে কুজতি কোকিলকুলম্ ।

19. চন্দ্র হইতে শোভা যদি চলিয়া যায়, হিমালয় যদি হিম ত্যাগ করে, সাগরও যদি বেলাভূমি অতিক্রম করে, আমি কিন্তু পিতৃপ্রতিজ্ঞা পরিহার করিব না।

অনুঃ—সম্মীচন্দ্রাদপেশ্বাধা হিমবান্, বা হিমং ত্যজেৎ । অতীয়াৎ সাগরো বেলাং ন প্রতিজ্ঞামহং পিতুঃ ।

(অতীয়াৎ—অতি+ইয়াৎ, অতিক্রম করিতে পারে) ।

20. সুখার্থী ব্যক্তি পরম সন্তোষ আশ্রয় করিয়া সংযত থাকিবে। সুখই সন্তোষের মূল, উহার বিপরীতই দুঃখের মূল।

অনু:— সন্তোষঃ পরমাস্বায় সুখার্থী সংযতো ভবেৎ।

সন্তোষমূলংহি সুখং দুঃখমূলং বিপর্যয়ঃ।

21. তুমি স্বাধীন এবং তোমার নিজের মতে বিচার করিবার অধিকার আছে, যদি তোমার বিচারের ষথার্থ শক্তি থাকে।

অনু:— ষথার্থতন্তে বিচারসামর্থ্যে সতি স্বাধীনস্ত তে স্বচ্ছন্দতো বিচারবিধৌ অস্ত্যধিকারঃ।

22. সকাল বেলা। সবে মাত্র সূর্য উঠেছে পূর্ব আকাশে। ঘানের উপর শিশিরবিন্দু ঝলমল করছে। কি সুন্দরই না সব দেখাচ্ছে।

অনু:— প্রাতরিদম্। পূর্বাকাশে সতঃ সূর্যঃ সমুদিতঃ। ঘাসন্তোপরি শিশির-বিন্দবঃ সমুজ্জদন্তি। কৌদৃগ্, রমণীয়মিব সবং লক্ষ্যতে।

23. বুদ্ধিমান্ ব্যক্তি কাজ করিতে প্রবৃত্ত হইবার আগে ভালভাবে ভাবিয়া লয়। কিন্তু যুখ ব্যক্তি না ভাবিয়া কাজ করে এবং দুঃখ ভোগ করে।

অনু:— কর্মণি প্রবৃত্তে: প্রাগেব সুধী: সম্যগ্, বিবেচয়তি। যুখস্ত অবিবি-চ্যেব কর্ম কুরুতে, দুঃখঞ্চ ভুঙক্তে।

24. এ জগতে হায় সেই বেশী চায়, আছে ষার জুরি জুরি।

রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

অনু:— অহো স যাচতে জুরো ষস্যস্তি ভুবি জুরিশঃ।

রাজ্ঞ: করোহপহর্তা হি ধনং কুৎস্নং দরিত্রস্ত।

25. পণ্ডবর্মই যদি মানুষের পক্ষে একমাত্র চরম ধর্ম হোত, তাহলে প্রবৃত্তিকে সংযত করবার কথা কেউই তাকে বলত না।

অনু:— পণ্ডবর্ম এব মহ্ম্যস্ত চরমো ধর্ম ইতি চেত্তর্হি প্রবৃত্তিং সংযয়িতুং কোহপি তং ন ক্রয়াৎ।

26. একদা একটি কুকুর একটি মাংসখণ্ড মুখে লইয়া নদীতীরে পথ ধরিয়া যাইতেছিল। নদীর জলে নিজের প্রতিবিম্ব দেখিয়া তাহার উপরে কাঁপাইয়া পড়িল।

অনু:— কশ্চিং সারমেয়: (অর্থাৎ কুকুর) একদা মাংসখণ্ডং মুখে ধুবা নদীতীরপথম্ অহুযাতি স্ম। সস্রিংসলিলে স্বপ্রতিবিম্বম্ অবলোক্য তন্তোপরি উৎপ্লুত্য স নিপতিতঃ।

27. Flowers enhance the beauty of the garden. The gentle breeze blows carrying fragrance to and fro.

ফুলমানি ফলু উভানশোভাং বিবৰ্ণয়ন্তি, মৃদুমন্দবায়ুশ্চ সৌরভম্ আবহন্
ইতত্ততো বাতি ।

28. The hermitage of the great sage Kanva was on the bank of the Malini. One day the King Dusyanta while pursuing a deer came there.

আসীন্মালিনীতীরে মহর্ষিকণ্ঠ আশ্রমঃ । একদা যুগানুসারী রাজা দুষ্যন্তস্তত্র
নবায়তঃ ।

29. You should know that truth alone triumphs and not untruth. The learned declare that there is no virtue superior to truth.

স্বয়ং জ্ঞাতব্যং যৎ সত্যমেব জয়তে ন তু অনৃতম্, (অর্থাৎ সত্যং) । নাস্তি
সত্যং পরো ধর্ম ইতি বিদ্বদ্বিক্রচ্যতে ।

30. Contentment is the source of all happiness. Be content with what you earn by your own labour.

সন্তোষো হি সর্বসুখশ্চ মূলম্ । অজিতং যৎ স্বয়ং শ্রমাৎ তেনৈব যৎ সুখা
ভব ।

31. When Arjuna saw his relations and friends in the fore-front of the battlefield, he restrained from war leaving aside his Gandiva bow.

যজ্ঞান্, বাহুবান্শ্চ রণশিৱসি পশ্বন, অর্জুনস্তদীরং বহুত্যাক্ত, যুডাৎ
বিরমায় ।

32. You know that we had a very great man amongst us. He was the father of the nation, Mahatma Gandhi.

যং বেৎসি যদস্মাকং মধ্যে আসীৎ কোহপি অতিমহানেব জনঃ । জাতীয়-
জনকঃ স নাম মহাত্মা গান্ধীমহোদয়ঃ ।

33. Men may come and men may go

But I go on for ever.

আগচ্ছেয়ুন'রা যথা গচ্ছেয়ুশ্চ তথৈব হি । অবন্ত সততং যামি ।

34. We should not worry about the past, nor should we be anxious for the future ; we should attend to the present only as the intelligent do.

গতস্ত শোচনা নাস্তি ভবিষ্যতোর্ন চিন্তনম্ ।
বর্তমানে সুধীষথা তথা যুজ্যামহে বয়ম্ ।

35. If the King be virtuous, the people become virtuous, if he be vicious, the latter too become addicted to vice, Like king, like subject.

ধার্মিকে তু স্থিতে রাস্তি ভবন্তি ধার্মিকা জনাঃ । অধার্মিকশ্চেৎ ভবেদ্রাজা
প্রজা অধার্মিকা ভবেয়ুঃ । যথা রাজা তথা প্রজা ।

36. Books are the most faithful of friends, our friends may change or die, but books are always waiting to talk to us.

গ্রন্থা হি বান্ধবেষু পরমাপুঞ্জনাঃ । বান্ধবা নঃ (বন্ধুর বহুবচনে) পরিবর্তেয়ন্
শ্রিয়েরন্ (বিধিলিঙ্) বা । গ্রন্থাস্ত অম্মান্ বক্তুং সততং প্রতীক্শ্চে ।

37. বিদ্বত্তয়ে নীচ ব্যক্তিগণ কাজ আরম্ভ করে না, মধ্যম লোকেরা বিদ্বতপ্রাপ্ত হইলে উহা ত্যাগ করে, কিন্তু বিদ্ব বারবার প্রতিহত করিলেও উত্তম লোকেরা আরক কাজ ত্যাগ করে না ।

অনুবাদ : প্রারম্ভ্যতে ন খলু বিদ্বত্তয়েন নীচৈঃ

প্রারম্ভ্য বিদ্ববিহতা বিরমন্তি মধ্যাঃ ।

বিদ্বৈঃ পুনঃ পুনরপি প্রতিহন্ত্যমানাঃ

প্রারকমুক্তমজনা ন পরিত্যজন্তি ।

38. নীতিনিপুণ লোকেরা নিন্দাই করুন বা স্তুতিই করুন, লক্ষ্মী যদি ইচ্ছামত আসেন বা চলিয়া যান, আজ অথবা অন্য যুগেই মরণ হউক, বীর ব্যক্তিগণ স্তায়ণব হইতে এক পাও বিচলিত হন না ।

অনুবাদ : নিন্দন্ত নীতিনিপুণা যদি বা স্তুবন্ত

লক্ষ্মীঃ সয়াবিশতু পক্ষতু বা যবেচ্ছম্ ।

অদৈব্য মরণবন্ত দিনান্তরে বা

ন্যায়্যাং পথঃ প্রবিচলন্তি পদং ন বীরাঃ ।

38. সেই ধন নরকূলে
লোকে ধারে নাহি ছলে
মনের মন্দিরে সদা সেবে সর্বজন ।

অনুবাদ : স হি নরকূলে ধনো বিশ্বরক্তি ন যং জনাঃ ।
যং মনোমন্দিরে নিত্যং সেবন্তে নিখিলা জনাঃ ।

40. আমাদের যাত্রা হোলো সুর
এবার ওগো কর্ণধার, তোমারে করি নমস্কার ।
এবার তুফান উঠুক বাতাস ছুটুক
ভয় করিনে আর—তোমারে করি নমস্কার ।

অনুবাদ : যাত্রা নঃ প্রারকা । তদিদানীং ভোঃ কর্ণধার ! স্বস্মি প্রণামঃ ।
এব বাত্যা কামং উত্তিষ্ঠতাম্, ধাবতু বা বায়ুঃ, ন পুনবিভেমি, স্বস্মি প্রণামঃ ।

অনুশীলনী

১। (ক) সংস্কৃতে অনুবাদ কর : (Translate into Sanskrit) :

(i) কোন এক গ্রামে হরিদত্ত নামে এক ব্রাহ্মণ ছিলেন । তিনি কৃষিকর্ম করিতেন । একদিন তাঁহার ক্ষেত্রমধ্যে তিনি এক ভীষণ কণাযুক্ত সাপ দেখিতে পান ।

(ii) দিলীপের বজ্রের ষোড়া ইন্দ্র চুরি করেন । ফলে ইন্দ্রের সহিত দিলীপের গুত্র যবুর ভীষণ যুদ্ধ হয় ।

(iii) এক সময়ে বায়ু ও সূর্যের মধ্যে ঝগড়া হইল । বায়ু বলিল—‘আমি তোমার চেয়ে বলবান্ ।’ সূর্য বলিল—‘আমি তোমার চেয়ে বলবান্’ ।

(iv) বিজাসাগর দয়ার সাগর ছিলেন । পরের দুঃখে তাঁহার চিন্ত গলিয়া যাইত । তাঁহার হৃদয় কুসুমের অপেক্ষা কোমল এবং বজ্র অপেক্ষা কোমল ছিল ।

(v) মাহুব পূর্বে কত অসহ্য ছিল, বুদ্ধি ও চেষ্টার ফলে সে আজ কত উন্নতি করিয়াছে । সে আজ চক্রেসোকে বাইতে পারিয়াছে ।

(vi) মন্দাকি মাহুবকে স্থখী করিতে পারে না । কিন্তু বাহার মনে সন্তোষ আছে, সেই পৃথিবীতে সর্বাপেক্ষা স্থখী লোক ।

সংস্কৃতের ত্রিধারা—২১

(vii) ভগিনী নিবেদিতার নাম তোমরা অবশ্যই জানিয়াছ। তিনি দূর দেশ হইতে আসিয়া ভারতমাতার সেবায় আত্মনিয়োগ করেন।

(viii) দেউলাখ্য গ্রামে রাজসিংহের এক স্ত্রী ছিলেন। তিনি স্বভাবতঃ বড় ঝগড়াটে ছিলেন।

(ix) পাশ্চাত্য দেশে সংস্কৃতের প্রতি সমধিক সমাদর দেখা যায়। কিন্তু আমাদের এই নিজস্ব সম্পদের প্রতি আমাদের তেমন সমাদর-বোধ নাই।

(x) একদিন এক সিংহ পর্বতের গুহায় ঘুমাচ্ছিল, একটি ইঁদুর ঐ পথ দিয়ে যেতে যেতে ওর সামনে গিয়ে পড়ে। সে তো ভয়ে অস্থির।

(xi) 'হে ভারত, ভুলিও না, দরিদ্র ভারতবাসী, মুখ ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী তোমার রক্ত, সবাই তোমার ভাই।'

(xii) স্বাধীনতা লাভ করলেই সব হয় না। তাকে জনজীবনে প্রতিষ্ঠিত করা চাই এবং উপযুক্তভাবে তার রক্ষার ও উন্নতির ব্যবস্থা করা দরকার।

(xiii) জীবনে যখন শক্তি থাকে, সামর্থ্য থাকে, তখন আলস্বে কাটালে শেষে দুঃখ ভোগই করতে হয়।

(xiv) ভারত মহাকাশে আর্যভট্ট নামে এক মহাকাশযান উৎক্ষেপণ করিয়াছে। ইহা নিঃসন্দেহে বিজ্ঞানের প্রগতির উজ্জ্বল নিদর্শন।

(xv) নিরক্ষরে অন্ন দাও, দরিদ্রের দুঃখ দূর কর, নিরক্ষরকে শিক্ষা দাও উহাই তো দেশের সেবা।

সংকেত : (iv) গলিয়া যাইত—অদ্রবৎ (বা দ্রবীভূতং জাতম্)।

(v) কত—কীদৃক্ (viii) ঝগড়াটে—কলহপ্রিয়া (স্ত্রীং)। (xi) ঘুমাইয়াছিল—সুপ্তঃ। ঐ পথ দিয়ে—তেন পথা বা মার্গেণ। (xv) উৎক্ষেপণ করিয়াছে—উৎক্ষিপতি অ।

(খ) (১৬) Man has succeeded to conquer space (নতোলোক) but he has yet to conquer himself (use আত্মনু)।

(১৭) One day the sage Bharata went to the river Saraju where he saw a deer carried away (নীয়মান) by the stream of the river.

(১৮) Man is the maker of his fate (জ্ঞাপ্যনির্ঘাতা) So do not lie idle but try to attain the goal (লক্ষ্য বা উদ্দেশ্য) in life.

(১৯) Valmiki was formerly a robber, but later he turned (পরিণত) to be a sage. But this story is not found in the Ramayana.

(২০) Ah, look, his anger is increasing (use বৃদ্ধি, বাতু). It is not possible to pacify him (use উপশম) by mere words. Bring him a doll (পুতুলিকা)

(২১) In our independent India Sanskrit should have an important place (বিশিষ্ট স্থান) in the scheme of education (শিক্ষাক্রম).

(২২) You should show respect to them who deserve it (use অর্হঁ বাতু). By this you do not lose anything (use it as ন কিমপি তে ক্ষীয়তে).

(২৩) Today all the People of Ayodhya rejoice because Rama will ascend the throne.

(২৪) The rising sun has set in, the sky is overcast with dark masses of cloud where the lightning flashes forth (বিদ্যুৎ) (বিদ্যোততে) from time to time ((কচিং কচিং)).

(২৫) Lord God, Be of easy approach to us (সুপ্রাপঃ), as a Father to his son.

(২৬) একদিন এক শশকের পালা (বারঃ) এলো। সে খুব দেবীতে সিংহের কাছে গিয়ে হাজির হলো।

(২৭) সিংহ জিজ্ঞাসা করলো তুমি আসতে এত দেবী করেছিস কেন? শশকটি বললো—প্রভু! পথে অল্প একটা সিংহ আমাকে ধরে। কথা দিয়ে এখানে এসেছি।

(২৮) সিংহ বললো—চল, কোথায় সেই ছরাস্রা? শশক এক কূপের কাছে সিংহকে নিয়ে বললো—প্রভু দেখুন। ঐখানে ঐ ছরাস্রা।

(২৯) ক্রোধে সিংহ প্রতিবিম্বের উপরে ঝাপ দিয়ে পড়ল এবং সঙ্গে সঙ্গে ঝাড়া গেল। বুদ্ধি ঝাড়া বল তার।

(৩০) শরৎকালে মেঘমুক্ত আকাশ। আকাশে উড়ে চলেছে হাঁসের দল। সিদ্ধার্থ সেই দৃশ্য দেখছেন।

(৩১) কিন্তু একটি হাঁস আর্তনাদ করতে করতে সিদ্ধার্থের কোলে এসে পড়ল। হাঁসের বুকে বিঁধেছে তীক্ষ্ণ তীর।

(৩২) সিদ্ধার্থ তার বুক থেকে তীরটি বের করে দিল। তার গুশ্ফায় হাঁসটি জীবন ফিরে পেল।

(৩৩) এমন সময় সিদ্ধার্থের ভাই দেবদত্ত উপস্থিত হলেন। তারই তীরে হাঁস বিদ্ধ হয়েছিল।

(৩৪) সে হাঁসটিকে চাইল। সিদ্ধার্থ সব কিছু ছেড়ে দিতে পারে। কিন্তু হাঁসটিকে না। সিদ্ধার্থ সত্যই করুণার মূর্তি।

(৩৫) এক রজকের বাড়ীতে নীলের বড় গামলার (ভাণ্ড) মধ্যে শৃগাল পড়িয়া যায়। তাহার গায়ের বর্ণ নীল হইয়া যায়।

(৩৬) শৃগাল তাহার পর নিজেকে পশুদের রাজা বলিয়া ঘোষণা করে। বনের অন্ত পশুরা তাহার সেবা করিতে লাগিল।

(৩৭) একদিন সন্ধ্যায় শিখাল ডাকবার সময় সেও ডাকিতে (রোতুম্) আরম্ভ করিল।

(৩৮) তখন সবাই তাহাকে শিখাল বলিয়া জানিল এবং তাহাকে মারিয়া ফেলিল।

(৩৯) মহাভারত স্তানের বিপুল ভাণ্ডার। ভারতবর্ষে এবং ইহার বাহিরে বহু দেশে মহাভারত সমাদৃত হয়।

(৪০) বহু পাশ্চাত্য মনীষী মহাভারতের সম্বন্ধে নানা আলোচনা করিয়াছেন। মহাভারতের রচনাকাল লইয়া তাহারা বহু গবেষণা করিয়াছেন।

(৪১) আকারের মহত্ব ও বিষয়গৌরবের ভারবত্তাবশতই এই গ্রন্থের নাম মহাভারত।

(৪২) পৃথিবীর দুঃখ হরণ যে করে সেই পৃথিবীর রাজা। পৃথিবীর রক্ত ও অর্থ শোষণ যে করে, সে তো দস্যু।

(৪৩) মহশ্র অভাগার অশ্রু অত্যাচারী রাজার মস্তকে বর্ষিত হয়। সেই অভিশাপধারা কোন রাজাকে রক্ষা করিতে পারে না।

(৪৪) এই বলিয়া সীতা সেই সব বনের চিত্র দেখিলেন। এমন সময় দৌবারিক সংবাদ দিল—সুমন্ত্র রথ প্রস্তুত করিয়া (মজ্জীকৃত্য) দ্বারদেশে উপস্থিত।

(৪৫) সীতা তপোবন দর্শনে যাইবার জন্ত উৎসুক ছিলেন। তিনি গুনিবামাত্র লক্ষ্মণের সহিত রথে আরোহণ করিলেন।

(৪৬) বর্ষাকাল। বড়ই দুদিন। সমস্ত দিন ধরিয়া বৃষ্টি হইয়াছে। আকাশ মেঘে ঢাকা। পথেও কোন লোক নাই।

(৪৭) একজন মাত্র পথিক পথে চলিতেছে। সেই পথিক পরিত্রাজক ব্রহ্মসারী। পরিধানে গৈরিক বস্ত্র। তিনি জলে ভিজিতে ভিজিতে (বর্ষণসিক্তঃ) চলিয়াছেন।

(৪৮) বলে ও বীরত্বে যে প্রতাপশালী, তাহাকেই বেশীর ভাগ লোক ভয় করে।

(৪৯) রাজা এক কালে কত নৈশ সমস্ত লইয়া দিক্‌বিজয়ে বাহির হতেন এবং বিজয়লক্ষ্মী তাহাদিগকে বরণ করিত (অবগুত)।

(৫০) রঘু এমন একজন দিগ্বিজয়ী বীর। কালিদাস রঘুবংশে তাঁহার সেই বিবরণের উল্লেখ করিয়াছেন।

(ছ)(৫১) আমাদের পূর্বপুরুষেরা যে আদর্শগুলিকে পবিত্র ও হিতকর মনে করিতেন মহাভারত আমাদিগকে তাহাই শিক্ষা দেয়।

(৫২) মহাভারত দেশ ও কালের ব্যবধান অতিক্রম করিয়া শাস্ত্র ধর্মের উপদেশ দিয়াছে।

গীতার উপদেশ শুধু আমরা মাথা পাতিয়া গ্রহণ করিনা, অন্তরেও স্থান দিই।

(৫৪) সমাজসেবা শিক্ষার একটা প্রধান অঙ্গ। কোথাও বন্ধ্যা হইলে যুবকেরা দলে দলে (সঙ্ঘক্রমেণ) সাহায্য করিতে ছুটিয়া আসিবে। ইহা আশা করা কি অসম্ভব ?

(৫৫) দেশকে ভালবাসিতে হইবে (use প্রতি)। দেশবাসীকে ভাইয়ের মত দেখ। তাহা না হইলে শিক্ষার মূল্য কি ?

(৫৬) The success of Science today is very great. Its influence can be felt in every sphere of life. It has brought the distant countries of the world close together.
